

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
www.ec.org.bd

নির্বাচন অগ্রাধিকার
অতি জরুরি

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৫.১৫(অংশ-৩)-২৭

তারিখঃ ০১ মাঘ ১৪২২
১৪ জানুয়ারি ২০১৬

বিষয় : পৌরসভা সাধারণ নির্বাচনে মেয়র পদে নিবন্ধিত রাজনৈতিক দলকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির তালিকা সরবরাহ প্রসঙ্গে।

সূত্র নং: নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৫.১৫(অংশ-৩)-২৪, তারিখঃ ০১ মাঘ ১৪২২/ ১৪ জানুয়ারি ২০১৬

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন অদ্য ১৪ জানুয়ারি ২০১৬ তারিখ চাঁদপুর জেলার শাহরাস্তি এবং ভোলা জেলার চরফ্যাশন পৌরসভার সাধারণ নির্বাচনের সময়সূচি ঘোষণা করেছেন। উক্ত নির্বাচনে মেয়র পদে অংশগ্রহণের জন্য স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২(৩) (গ) (ইইই) নিম্নরূপঃ

“রাজনৈতিক দলের মেয়র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে;

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন পৌরসভায় মেয়র পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট পৌরসভায় উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবী, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৫ (পাঁচ) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে;”

০২। এমতাবস্থায়, পৌরসভা সাধারণ নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক নিবন্ধিত রাজনৈতিক দলসমূহকে উক্ত বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

- (১) সময়সূচি ঘোষণার প্রজ্ঞাপন
- (২) রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন
- (৩) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর সর্বশেষ সংশোধনী
- (৪) স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর সংশ্লিষ্ট অংশ

(মোঃ রাজীব আহসান)
সহকারী সচিব
ফোনঃ ০২-৯১৮০৭৮৪
ফ্যাক্সঃ ০২-৯১৮০৮৪১

প্রাপকঃ সভাপতি/সাধারণ সম্পাদক

.....(সংশ্লিষ্ট সকল নিবন্ধিত রাজনৈতিক দল)

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৫.১৫(অংশ-৩)-২৭


তারিখঃ ০১ মাঘ ১৪২২
১৪ জানুয়ারি ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

অঃপঃদ্রঃ

৩. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৬. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম/বরিশাল অঞ্চল, চট্টগ্রাম/বরিশাল
৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
৯. জেলা নির্বাচন কর্মকর্তা, চাঁদপুর/ভোলা ও রিটার্নিং অফিসার
১০. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১১. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
১৩. উপজেলা নির্বাচন কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর/ চরফ্যাশন, ভোলা ও সহকারী রিটার্নিং অফিসার


(মোঃ রাজীব আহসান)
সহকারী সচিব